

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ৩০/০১/২০২২ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের
কোর্স পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions থেকে A-4 সাইজের অফসেট কাগজে ২কপি প্রিন্ট করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট কমিটির নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। এছাড়া ২য় মেধা তালিকায় ভর্তিকৃতদের মধ্যে যাদের কোর্স পরিবর্তন হবে তাদেরকে পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম অনলাইনে ২কপি প্রিন্ট করে সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিয়ে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহের সময় পূর্বের ক্লাস রোল নম্বরসম্বলিত পে-স্লিপ অবশ্যই সঙ্গে আনতে হবে। কোর্স পরিবর্তন হলে পূর্ব কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সের ভর্তি নিশ্চিত হয়ে যাবে। কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্ব কোর্সের ভর্তি বহাল থাকবে।

ক্রমিক নং	বিভাগ	কোর্স পরিবর্তনকৃতদের নতুন রোল নম্বর সংগ্রহের তারিখ	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের কাগজপত্র জমাদানের তারিখ
১।	বিএসএস (পাস) ১ম বর্ষ	০৫/০২/২০২২ খ্রি. (সকাল ১০:০০ - বেলা ১:০০ টা)	০৬/০২/২০২২ খ্রি. (সকাল ১০:০০ - বেলা ১:০০ টা)
২।	বিএ (পাস) ১ম বর্ষ		
৩।	বিবিএস, বিএসসি (পাস) ১ম বর্ষ		

☞ যেসব কাগজপত্রাদি জমা দিতে হবে:


- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র এবং মূল প্রশংসাপত্র;
- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি ১ সেট;
- আবেদন ফরমের College Copy ১ সেট;
- অনলাইনে ভর্তি ফি পরিশোধের Pay Slip এর প্রিন্টকপি;
- পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি;
- ১০" X ১৪" সাইজের খাম ১টি (শিক্ষার্থীর নাম, রোল নম্বর, বিষয়সমূহ, ব্লাড গ্রুপ, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর লিখতে হবে);
- কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি ১ কপি জমা দিতে হবে।

☞ ফি জমাদানের পদ্ধতি:

সোনালী ব্যাংকের ই-সেবার মাধ্যমে অনলাইনে <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment> লিংকে প্রবেশ করে ০১/০২/২০২২ হতে ০৬/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি ও রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে। ভর্তি ফির পরিমাণ নিম্নরূপ:


বিভাগ	সর্বমোট ফি
বিএ, বিএসএস, বিবিএ (পাস) ১ম বর্ষ	৩,০০১/-
বিএসসি (পাস) ১ম বর্ষ	৩,১২১/-

বিপ্লব: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। আহ্বায়ক, ডিগ্রী (পাস) ১ম বর্ষ ভর্তি/২০২০-২১ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৫। সংরক্ষণ নথি।


৩০/০২/২০২২